

প্রেস বিজ্ঞপ্তি

চেন্নাইতে বঙ্গবন্ধুর ১০৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপিত

চেন্নাই, ১৭ মার্চ ২০২৩: বাংলাদেশ উপ হাই কমিশন, চেন্নাই যথাযোগ্য উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৩তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস-২০২৩' উদ্‌যাপন করেছে। চ্যান্সারী প্রাঙ্গণ ও চেন্নাইতে অবস্থিত The Spastics Society of Tamil Nadu (SPASTN) দুই ভাগে বিভক্ত দিনব্যাপী অনুষ্ঠানসূচীর আয়োজন করা হয়। উল্লেখ্য, SPASTN বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ে কাজ করা একটি অলাভজনক প্রতিষ্ঠান যাদেরকে এই ক্ষেত্রে চেন্নাইতে 'Centre of Excellence' হিসেবে বিবেচনা করা হয়। অনুষ্ঠানমালার মধ্যে ছিল উন্মুক্ত আলোচনা, বিজ্ঞান প্রকল্প প্রদর্শনী, ক্রীড়া প্রতিযোগিতা, আকর্ষণীয় সাংস্কৃতিক অনুষ্ঠান ও আপ্যায়ন।

SPASTN-এ অনুষ্ঠানের শুরু হয় বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজিত ক্রীড়া প্রতিযোগিতা-এর উপ হাই কমিশনার জনাব শেলী সালেহীন কর্তৃক উদ্বোধনের মাধ্যমে। ফুটবল, স্নো বল, বল নিক্ষেপ ইত্যাদি ক্রীড়া প্রতিযোগিতায় অগ্রভুক্ত ছিল। বিদ্যালয়ের শিক্ষার্থীরা কয়েকটি বিজ্ঞান প্রকল্প প্রদর্শন করে। স্কুলের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৩তম জন্মবার্ষিকী' উদ্‌যাপন উপলক্ষে কেক কাটা এবং আপ্যায়ন পরিবেশনের মাধ্যমে কর্মসূচীর সমাপ্তি হয়।

বিদ্যালয়ের পরিচালক Mrs. L.V. Jayashree, তাঁর স্বাগত বক্তব্যে বঙ্গবন্ধু-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন করেন এবং বাংলাদেশের স্বাধীনতা অর্জনে তাঁর অসামান্য অবদানের কথা স্মরণ করেন। তিনি বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য একটি সুন্দর পৃথিবী তৈরিতে একসাথে কাজ করার বিষয়ে গুরুত্বারোপ করেন এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের নিয়ে কাজ করা বাংলাদেশী প্রতিষ্ঠানের সাথে অভিজ্ঞতা বিনিময় করার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করে বক্তব্য শেষ করেন।

জনাব শেলী সালেহীন, উপ হাই কমিশনার তাঁর বক্তব্যে বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর আদর্শে অনুপ্রাণিত শিশুরাই বাংলাদেশকে 'সোনার বাংলায়' পরিণত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তাই, শিশুদের উন্নতির জন্য যথাযথ পরিবেশ তৈরির উপর গুরুত্বারোপ করেন।

দ্বিভাগে উপলক্ষ্যে বিকেলে উপ হাই কমিশন প্রাঙ্গণে বিশেষ আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। শুরুতে উপ হাই কমিশনার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। মিশনের কর্মকর্তাবৃন্দ 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৩তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস-২০২৩' উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করেন। পরবর্তীতে, বঙ্গবন্ধুর জীবনীর উপর নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

এরপর, দ্বিভাগে উপলক্ষ্যে আয়োজিত উন্মুক্ত আলোচনায় বক্তারা শিশুদের জন্য বঙ্গবন্ধুর ভালোবাসার কথা স্মরণ করেন এবং জাতিসংঘ কর্তৃক শিশুসনদ প্রবর্তনের পূর্বেই "শিশু আইন-১৯৭৪" প্রবর্তনের ক্ষেত্রে তাঁর প্রজ্ঞার কথা উল্লেখ করেন। জনাব শেলী সালেহীন, উপ হাই কমিশনার তাঁর বক্তব্যে বলেন, বঙ্গবন্ধু সবসময় বিশ্বাস করতেন একটি সমৃদ্ধ ও উন্নত দেশ গড়তে হলে শিশুদের উপর বিনিয়োগ করতে হবে। তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে শিশুদের উন্নয়নে বর্তমান সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন এবং সকল শিশুদের জন্য একটি উন্নত বিশ্ব গড়ে তোলার জন্য বর্তমান সরকারের অঙ্গীকার পূর্ণবাক্ত করেন। বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যদের বিদেহী আত্মার মাগফেরাতের জন্য বিশেষ দোয়া অনুষ্ঠিত হয় এবং দিনব্যাপী কর্মসূচির সমাপ্ত হয়।

